# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৮২২

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৩. প্রথম অনুচ্ছেদ - যাকাত যাদের জন্য হালাল নয়

بَابٌ مِمَّنْ لَا تَحِلُّ لَهُ الصَّدَقَةُ

## আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: أَخَذَ الْحَسَنُ بْنُ عَلِيٍّ تَمْرَةً مِنْ تَمْرِ الصَّدَقَةِ فَجَعَلَهَا فِي فِيهِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «كِخْ كِخْ» لِيَطْرَحَهَا ثُمَّ قَالَ: «أما شَعرت أَنا لَا نَأْكُل الصَّدَقَة؟»

## বাংলা

১৮২২-[২] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নাতি হাসান ইবনু ’আলী (রাঃ) সদাক্বার খেজুর হতে একটি খেজুর উঠিয়ে মুখে পুরলেন। (তা দেখে) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, খেজুরটি মুখ থেকে বের করে ফেলো, বের করে ফেলো। (তিনি এ কথাটি এভাবে বললেন যেন হাসান তা মুখ থেকে বের করে ফেলে দেয়)। তারপর তিনি তাঁকে বললেন, তুমি কি জানো না যে, আমরা (বানী হাশিম) সদাক্বার মাল খেতে পারি না। (বুখারী, মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : ১৪৯১, মুসলিম ১০৬৯, আহমাদ ৯৩০৮, দারিমী ১৬৮২, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ১৩২৩১, সহীহ আল জামি‘ আস্ সগীর ৪৪৭৭।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: হাসান ইবনু ‘আলী (রাঃ) ফাত্বিমার ছেলে। সদাক্বার খেজুর মুখে দেয়ায় নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফেলতে ইশারা করলেন। কারণ সদাক্বার মাল ‘আলি মুহাম্মাদ-এর ওপর হারাম ছিল। আর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাসানকে বলেন, আমরা সদাক্বাহ্ (সাদাকা) এর মাল খাই না। কিসমিস শব্দটি দু’বার তাকিদের জন্য ব্যবহার আর তা ইসমে ফে‘ল।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56382

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন